

**Class:- 11**

Time:- 2 Hours

Name of the student :

**Subject:- Bengali**

Total :- 40 Marks

Roll: Stream:

**PART A: objective Type Questions(MCQ)****SECTION-A(Reading) (Unseen Comprehension)**

১.নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লিখ। (১×৫)=৫

৩০-৪০ বছর আগেকার কথা।মহেশ মিত্তির তখন শ্যামবাজারের শিবচন্দ্র কলেজে প্রফেসরি করতেন। অংকের প্রফেসর,অসাধারণ বিদ্যে কিন্তু প্রচণ্ড নাস্তিক। ভগবান,আত্মা,পরলোক কিছুই মানতেন না। এমনকি,স্ত্রী মারা গেলে আর বিবাহ পর্যন্ত করেননি। খাদ্যাখাদ্যের বিচার ছিল না,বলতেন শুয়ের না খেলে হিঁদুর উন্নতির আশা নেই,ওটা বাদ দিয়ে কখনো জাত বড় হতে পারেনি। মহেশের চালচলনের জন্য আত্মীয়-স্বজন তাঁকে এক ঘরে করে রেখেছিল।কিন্তু যতই অনাচার করুন তাঁর স্বভাবটা ছিল অকপট,পারতপক্ষে মিথ্যা কইতেন না। তার পরম বন্ধু ছিল হরিনাথ কুন্ডু,তিনিও এই কলেজের প্রফেসর,ফিলোসফি পড়াতেন।কিন্তু বন্ধু হলে কী হয়,দুজনে হরদম ঝগড়া হতো কারণ হরিনাথ আর কিছু মানুন না মানুন ভূত মানতেন; তাছাড়া মহেশবাবু অত্যন্ত গম্ভীর প্রকৃতির মানুষ, কেউ তাকে কখনো হাসতে দেখেনি আর হরিনাথ ছিলেন আমুদে লোক,কথায় কথায় ঠাট্টা করে বন্ধুকে **উদব্যস্ত** করতেন। তবুও মোটের উপর তাঁদের পরস্পরের প্রতি খুব-একটা টান ছিল।

অ. মহেশচন্দ্র কোন কলেজের প্রফেসর ছিলেন?

- |                    |                    |
|--------------------|--------------------|
| ১. শ্যামবাজার কলেজ | ২. শিব চন্দ্র কলেজ |
| ৩. শিবনাথ কলেজ     | ৪. হরিনাথ কলেজ     |

আ.মহেশ মিত্তির বন্ধুর নাম কি? -

- |                |                 |                  |              |
|----------------|-----------------|------------------|--------------|
| ১. মহেশ আচার্য | ২. নিতাই কুন্ডু | ৩. হরিনাথ কুন্ডু | ৪.শিবচন্দ্র। |
|----------------|-----------------|------------------|--------------|

ই.মহেশ মিত্তির যে বিষয়ের প্রফেসর ছিলেন? -

- |            |            |          |        |
|------------|------------|----------|--------|
| ১. বিজ্ঞান | ২. ফিলোসফি | ৩. বাংলা | ৪. অংক |
|------------|------------|----------|--------|

ঈ. মহেশ মিত্তির কে তার আত্মীয়-স্বজনরা একঘরে করে রেখেছিল,কারণ? -

- |                           |                             |
|---------------------------|-----------------------------|
| ১.তিনি ছিলেন দাস্তিক      | ২. তিনি বিয়েই করেননি       |
| ৩. তার চালচলন ভালো ছিল না | ৪.তিনি ছিলেন মন ভোলা মানুষ। |

উ. গম্ভীর শব্দটি বিপরীত শব্দ হবে-

**SECTION-B(Grammar)**

২.নিচের ব্যাকরণগত প্রশ্নগুলি পড়ে সঠিক উত্তরটি বেছে লিখ:(যেকোনো চারটি) ১X৪=৪

অ) বাংলা ভাষার প্রাণ হলো

১. তৎসম শব্দ      ২. সংস্কৃত শব্দ      ৩. তদ্ভব শব্দ      ৪. আগন্তুক শব্দ

আ) ‘আলকাতরা’ কোন শ্রেণীর শব্দের অন্তর্গত-

১. তৎসম      ২.তদ্ভব      ৩.দেশি      ৪.বিদেশি

ই) বাংলা ভাষায় যেসব শব্দ আমাদের দেশের প্রাচীনতর অধিবাসী থেকে গৃহীত হয়েছে সেই শব্দগুলিকে বলা হয়-

১. তদ্ভব শব্দ      ২.দেশি শব্দ      ৩.তৎসম শব্দ      ৪.বিদেশি শব্দ।

ঈ) ‘আতর ’ শব্দটি এসেছে যে ভাষার মধ্য দিয়ে-

১. আরবি ভাষা      ২.ইংরেজি ভাষা      ৩.তুর্কি ভাষা      ৪.ফার্সি ভাষা।

উ) বাংলা শব্দভান্ডার এ যে শব্দগুলি আগন্তুক শব্দ হিসেবে পরিচিত-

১. তৎসম ও তদ্ভব      ২. তৎসম ও দেশি  
৩. দেশি ও বিদেশী      ৪. তদ্ভব ও বিদেশী।

**SECTION-C**

(Main course Book)

৩. পাঠ্য গল্প থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে লেখ:

(যে কোনো চারটি)

১X৪=৪

অ) কথকের দেখা পুকুরপাড়ের মেয়েটির নাম ছিল-

১. মালতি      ২. রজনী      ৩. যামিনী      ৪. মল্লয়া

আ)গরুর গাড়ির সংক্ষিপ্ত সংস্করণটি কোথা থেকে বেরিয়ে এসেছে-

- ১.বামুনের দেশ থেকে      ২.পাতালপুরী থেকে  
৩.লিলিপুটের দেশ থেকে      ৪.স্বপ্নের জগৎ থেকে

ই)তেলেনাপোতা মহানগরী থেকে কত দূরে -

- ১.২৫ মাইল      ২.৩০ মাইল      ৩.৩৫ মাইল      ৪.৪০ মাইল

ঈ) কথকের পান রসিক বন্ধুর নাম ছিল-

- ১.মনিদা                      ২.রমেশদা                      ৩. মানিকদা                      ৪.রাজুদা

উ)থার্মোমিটারের পারদে লেখক এর জ্বর উঠেছিল কত ডিগ্রি-

- ১.১০০ ডিগ্রি                      ২.১০৩ ডিগ্রি                      ৩.১০৫ ডিগ্রি                      ৪. ১০৮ ডিগ্রি

৪.পাঠ্য নাটক থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে লেখ:

(যেকোনো চারটি)

১X৪=৪

অ)“তোমাদের কি খেতে দেবো ঠাকুর”- বক্তা কে?

১. প্রথম দর্ভক                      ২.পঞ্চক                      ৩.তৃতীয় দর্ভক                      ৪.দ্বিতীয় দর্ভক

আ)গুরু নাটকটির তৃতীয় অধ্যায়টির ঘটনা যেখানে ঘটেছে-

- ১.দর্শকপল্লী                      ২.পল্লী                      ৩.অচলায়তন                      ৪.দর্ভকপল্লী

ই)“নির্বাসন,আমার নির্বাসন রে! বেঁচে গেছি, বেঁচে গেছি” -বক্তা কে?

- ১.পঞ্চক                      ২. দাদা ঠাকুর                      ৩. দর্শক                      ৪.দর্ভক

ঈ)“সে আমার অভাগ্য,সে আমার অভাগ্য”-বক্তা হলেন-

১. আচার্য                      ২.দাদা ঠাকুর                      ৩.পঞ্চক                      ৪.প্রথম দর্ভক

উ)“কেন ভাই তোদের ঘরে আজ রান্না চড়েনি নাকি?” বক্তা কে?-

- ১.আচার্য                      ২.পঞ্চক                      ৩.দাদা ঠাকুর                      ৪.সঞ্জীব

#### **PART-B:Descriptive Questions**

##### **SECTION-B(Grammar)**

৫. যেকোনো একটি র দুটি উদাহরণ সহ সংজ্ঞা লেখ।

১X৪=৪

তৎসম শব্দ,                      তদ্ভব শব্দ

##### **SECTION-C**

##### **(Supplementary Reader)**

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

৬. “আমি তোমায় কথা দিচ্ছি মাসীমা আমার কথা নড়চড় হবে না”- কে কাকে এ কথা বলেছিল? সত্যি কি তার কথা নড়চড় হবে না ?

৫X১=৫

অথবা

“আপনার আসল উদ্দেশ্য আপনি নিশ্চয়ই বিস্তৃত হবেন না”- বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বলেছেন? বক্তার আসল উদ্দেশ্য কি ছিল? তা কি সফল হয়েছিল?

৭. “আবার সে আর লালন একখানে রয় তবু লক্ষ যোজন ফাঁকরে”- বক্তা কে ? কার সঙ্গে কবির লক্ষ্য যোজন ফাঁক? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর।

৫X১=৫

অথবা

“আমি একদিনও না দেখিলাম তারে

আমার বাড়ির কাছে আরশিনগর

ও এক পড়শী বসত করে”- কার লেখা কোন কবিতার অংশ? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর।

৮. “যিনি সব জায়গায় আপনাকে ধরা দিয়ে বসে আছেন তাকে একটি জায়গায় ধরতে গেলেই তাকে হারাতে হয়” – বক্তা কে ? কাকে উদ্দেশ্য করে বলেছে? প্রসঙ্গ বিশ্লেষণ কর। (২+৩=৫)

অথবা

“ভুল করেছিলাম জেনেও সে ভুল ভাঙতে পারিনি”-এই স্বীকারোক্তি কার এবং কার কাছে? প্রসঙ্গ উল্লেখ কর। ভুল করেছেন জেনেও কেন তিনি ভুল ভাঙতে পারেননি?

**SECTION-D**

**Creative Writing**

৯. প্লাস্টিক ব্যবহার রুখতে জনসচেতনতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা কর। (৪)